

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৫- ৬৪০

তারিখঃ ৩ ০৯.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ বিধান চন্দ্র বিশ্বাস (৪৩৬৯৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি বিভাগ, শেরে-বাংলা মেডিকেল কলেজ বরিশাল এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ বিধান চন্দ্র বিশ্বাস (৪৩৬৯৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি বিভাগ, শেরে-বাংলা মেডিকেল কলেজ বরিশাল গত ০১.০১.২০১৪ তারিখ হতে ২৮.০৬.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

ডাঃ বিধান চন্দ্র বিশ্বাস (৪৩৬৯৬)  
সহকারী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি বিভাগ  
শেরে-বাংলা মেডিকেল কলেজ বরিশাল।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২২.২০১৫- ৬৪০(১) (ঙ)

তারিখঃ ৩ ০.০৯.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। অধ্যক্ষ, শেরে-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল।
- ৪। উপসচিব (পার-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(আসমা তাসকিন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

অভিযোগ বিবরণী

ডাঃ বিধান চন্দ্র বিশ্বাস (৪৩৬৯৬), সহকারী অধ্যাপক (চঃদাঃ), নিউনেটলজি বিভাগ, শেরে-বাংলা মেডিকেল কলেজ বরিশাল গত ০১.০১.২০১৪ তারিখ হতে ২৮.০৬.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২১.২০১৫- ৬৪১

তারিখঃ ৬.০৯.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ডাঃ অসিত কুমার দাস (৪২০৩১), জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আজমিরিগঞ্জ, হবিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা।

অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ অসিত কুমার দাস (৪২০৩১) স্বাস্থ্য অধিদপ্তরের ১৫.০৬.২০১৫ তারিখের ১৬৫৫নং প্রজ্ঞাপন মোতাবেক জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া) হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আজমিরিগঞ্জ, হবিগঞ্জে যথাসময়ে যোগদান করে গত ১৬.০৬.২০১৫ তারিখ হতে ০৩.০৮.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনার উপরিলিখিত কার্যকলাপ শৃংখলা পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিশ প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।

(বিমান কুমার সাহা এনসিপি)  
অতিরিক্ত সচিব

ডাঃ অসিত কুমার দাস (৪২০৩১)  
জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া)  
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স  
আজমিরিগঞ্জ, হবিগঞ্জ।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১২১.২০১৫- ৬৪২/১৬

তারিখঃ ৬.০৯.২০১৫ খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস ডাটাশীটে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিভিল সার্জন, হবিগঞ্জ।
- ৪। সিনিয়র সহকারী সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আজমিরিগঞ্জ, হবিগঞ্জ।


(আসমা তাসকিন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)

অভিযোগ বিবরণী

ডাঃ অসিত কুমার দাস (৪২০৩১) স্বাস্থ্য অধিদপ্তরের ১৫.০৬.২০১৫ তারিখের ১৬৫৫নং প্রজ্ঞাপন মোতাবেক জুনিয়র কনসালটেন্ট (এ্যানেসথেসিয়া) হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আজমিরিগঞ্জ, হবিগঞ্জে যথাসময়ে যোগদান করে গত ১৬.০৬.২০১৫ তারিখ হতে ০৩.০৮.২০১৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাঁর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' হিসেবে গণ্য। তিনি তাঁর উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(বিমান কুমার সাহা এনডিসি)  
অতিরিক্ত সচিব